

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কানাইঘাট, সিলেট।
web : www.dwa.kanaighat.sylhet.gov.bd
E-mail- uwakanaighat@gmail.com

স্মারক নং: উমবিককা/কানাই/সিলে/প্রশিঃভর্তি/২০১৯/৪৭৫

তাং:১৭/০২/২০১৯ খ্রিঃ

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি (৫ম ব্যাচ)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" প্রকল্পের আওতায় (আইজিএ) নিম্নোক্ত ট্রেড সমূহে ৫ম ব্যাচে ভর্তির জন্য প্রকৃত বেকার, দুঃস্থ, বিধবা, অসহায় ও স্বামী পরিত্যক্তা মহিলাদের নিকট হতে অত্র দপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের বিবরণ

ক্রঃ নং	ট্রেড কোর্সের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১	টেইলারিং	২০	০৩ মাস	নূন্যতম ৫ম শ্রেণি পাশ	
০২	ব্লক বাটিক	২০	০৩ মাস		

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ

- ০১। ভর্তি ইচ্ছুক প্রার্থীকে অবশ্যই কানাইঘাট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। ভর্তি ইচ্ছুক প্রার্থীকে অত্র দপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ফরম অত্র দপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ০৩। ভর্তি ইচ্ছুক প্রার্থীর বয়স ১৬-৪৩ বছরের মধ্যে হতে হবে।
- ০৪। ভর্তি ইচ্ছুক প্রার্থীকে ট্রেড উল্লেখ পূর্বক নিজ নাম, পিতার নাম, স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, বৈবাহিক অবস্থা, ধর্ম, জন্ম তারিখ, মোবাইল নম্বর উল্লেখ পূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ০৫। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র (সকল সনদের সত্যায়িত ফটোকপি) এবং ০৩(তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি(সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- ০৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য টিএ/ডিএ বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ০৭। প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতি সাপেক্ষে ১০০ (একশত) টাকা হারে ভাতা প্রদান করা হবে।
- ০৮। একই প্রার্থী একাধিক ট্রেডে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না।
- ০৯। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। যে কোন আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে, কোন কারণ দর্শানো ব্যতিরেকে ও অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। আবেদন গ্রহণের শেষ তারিখ ১৪/০৩/২০১৯ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত।
- ১২। মৌখিক পরীক্ষা/বাছাই পরীক্ষা গ্রহণের তারিখ, চূড়ান্ত ফলাফল অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং সকল তথ্যাদি ওয়েব বেইসড এস.এম.এস (SMS) এর মাধ্যমে মোবাইলে প্রেরণ করা হবে।
- ১৩। বিস্তারিত তথ্যের জন্য অফিস চলাকালীন সময় অত্র দপ্তরে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন www.dwa.kanaighat.sylhet.gov.bd

(জেসমিন আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ)
কানাইঘাট, সিলেট।

স্মারক নং: উমবিককা/কানাই/সিলে/প্রশিঃভর্তি/২০১৯/৪৭৫

তাং:১৭/০২/২০১৯ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। প্রকল্প পরিচালক, আইজিএ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট।
- ০৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
- ০৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
- ০৬। মেয়র কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট।
- ০৭। চেয়ারম্যান(সকল).....ইউ/পি, কানাইঘাট, সিলেট।
- ০৮। সভাপতি/সম্পাদক, কানাইঘাট প্রেস ক্লাব, বিজ্ঞপ্তি টি পত্রিকায় বহুল প্রচার কামনা করি।
- ০৯। নোটিশ বোর্ড/ অফিস কপি/ওয়েবসাইট কপি।

(জেসমিন আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ)
কানাইঘাট, সিলেট।